পাঠকদের সুবিধার্থে আমরা যে কোন ওয়েবসাইটেরই লিঙ্ক সংযুক্ত করতে থাকব যতদিন না সেটা আমেরিকার আইনে অন্যায় বলে কেউ প্রমাণ করে। সেটা ভিন্নমত, সদালাপ, মুক্তমনা সবাই করছে। ভবিষ্যতে আমরা কারো অনুরোধ নাও রাখতে পারি - হোক সেটা বন্ধুসুলভ কিংবা অভদ্রতাসুলভ। পাঠকদের সুবিধা আমরা দেখবই, সেটা আমাদের দায়িত্ব, যতক্ষন না সেটা কোন নিয়ম ভংগ করে।

সদালাপ সম্পাদক আমান উল্লাহর প্রতি

[কথা উঠেছে অভিজিত রায়ের লেখার লিংক ভিন্নমতে যুক্ত করার ব্যাপারে, সদালাপের দুই সম্পাদকের লেখাতেই। অভিজিত রায় ভাল করেই এসব নিয়ম জানেন। কাজেই তার যে লিংক ভিন্নমত থেকে সরানোর দাবী করা সমীচিন নয় বা অধিকার নেই, সেটা জেনে তিনি খুবই ভদ্র ও বন্ধুসুলভ ভাষায় ভিন্নমত সম্পাদককে অনুরোধ করেছিলেন লিংক সরানোর জন্যে। কেননা তিনি কোন বিতর্কে জড়াতে চাইছিলেন না। অভিজিত রায় ভিন্নমতকে মুক্তমনার লেখা ছাপানোর দায়ে অভিযুক্ত করে তার সাইটে চার-চার'টে রচনা প্রকাশ করে অন্যায় অভিযোগ বা অভদ্রতা সুলভ আচরন করেন নি। বরং তার অনুরোধটাও গোপন রাখতে অনুরোধ করেছিলেন। আমরা তার বন্ধুসুলভ অনুরোধ রক্ষা করেছি মাত্র।]

সদালাপ সম্পাদক মোঃ আমান উল্লাহ যেন ভিন্নমতের সাথে ছেলেখেলা শুরু করেছেন। প্রথমে নাজমা মোস্তফা তার দু'টি লেখায় এবং সম্পাদক সাহেব নিজে ভিন্নমতকে তাদের লেখা ছাপানোর দোষে অভিযুক্ত করেছে, যেটা আমরা অবশ্যই করি নি - আমরা শুধু লিংক দিয়েছি সদালাপের দু'টো লেখার। অন্যের লেখা ছাপানো যদি অন্যায় হয়, সদালাপই তার ওয়েবসাইটে নিয়ম ভংগ করে অন্য প্রকাশনার লেখা সদালাপের ব্যানারে ছাপিয়েছে - যেটা অন্যের লেখা ছাপানোর সমতুল্য। লিংক দেওয়া নয়।

```
Re: http://www.vinnomot.com/Arafat/AmanullahShodalap.pdf

Dear Shodalap editor,

You have questioned the validity of adding links on the moral ground
or internet norms, well...let's see...

Vinnomot has the 100% rights to link to any article it wants...the net is a free world
and it has been tried to made commercial by companies like Microsoft. The main purpose
of the internet at the beginning was to open a free network for everyone to access in-
formation for free. However, companies like Microsoft and others have made this internet
really commercial and now we can't really call it free. However, many initiatives have
been taken to establish internet network as it used to be before. For instance, by arri-
val of the GNU license, "socialist" softwares like Linux and others have started to
award people with free
services with source codes. Therefore, you can get really get first- class softwares for
free and also because you get the source codes, you can edit the softwares to add your
own features. Therefore, many people, on the moral ground, believe that we should make
internet free so that everyone has an equal access to information and stop companies
like Microsoft from making our internet a commercial base.

I also have been visiting shodalap's various pages, then I suddenly clicked on the
"Religion" link, which took me here http://www.shodalap.com/_RELIGION_1.htm

On the right side, I found a category named, "Atheism vs Theism," well, if you browse
through the articles, you will see, there is no article on atheism...all of them are re-
buttals to atheists. Now, my question, is isn't this would be a moral thing to either
change the name of that category to "Atheist Rebutalls" or add some pro-atheist articles
in that category?
Nazma Mustafa in her article,
http://www.shodalap.com/NM_NastiqShott.pdf

wrote, "Nastikko baader naame shotota naki shothota"

Well, why don't she try to check out Vinnomot guidelines and kindly show me, where it
says that Vinnomot is trying to spread atheism. Vinnomot allows articles from Mullahs
and from atheists. Unlike Shodalap, it does not carry one headline and the articles show
another
picture.
```

যাহোক, ভিন্নমত যে সদালাপের কোন লেখা ছাপেনি সেটা পরিস্কার করে বলার পরও সদালাপ সম্পাদক জিয়াউদ্দিন সাহেবের আরেকটা লিখা ছাপিয়েছেন যেখানে আবারও ভিন্নমতকে সদালাপের লেখা প্রকাশের দায়ে অভিযুক্ত করা হয়েছে। এবং তার সাথে আমান উল্লাহ সাহেব আবার ভিন্নমতের কাছ থেকে লিংক প্রকাশের নিয়ম দেখতে চাচ্ছেন।

এ যেন মুর্খের খেলাঃ ভিন্নমত সম্পাদক আমান সাহেবকে অভিযুক্ত করবে কিন্তু কেন সে অভিযুক্ত সেটা প্রমানের দায়িত্ব আমান সাহেবের, ভিন্নমতের নয়।

যাহোক, আমরা এই বিতর্ক থেকে বিরতি চাই। বিরতির পুর্বে বলি যে, আমেরিকার Electronic Freedom of Information Act (১৯৯৬) অনুসারে Federal Agency-র হাতে রক্ষিত যে কোন তথ্য কোন ব্যক্তি বা সংস্থা দাবী করলে তা হস্তান্তর করতে বাধ্য - যদি না সেটা রাষ্ট্রীয় নিরাপত্তার জন্য হুমকি হতে পারে। সে তথ্য হতে পারে ব্যক্তিগত, সংস্থাগত বা রাষ্ট্রগত। যেমন Civil Liberties গ্রুপের চাপে পড়ে আমেরকিরার সরকারকে গুয়ান্তানামোতে কোরান অবমাননার সমস্ত গোপন তথ্য প্রকাশ করতে বাধ্য হয়। শুধু তাই নয়, যাবতীয় স্থানীয় ও আন্তর্জাতিক সংবাদ ও অন্যান্য সংস্থা সে গোপন তথ্য অবাধে প্রকাশের (শুধু লিঙ্ক নয়) ও ব্যবহারের অধিকার রাখে। সদালাপের উন্মুক্ত ওয়েবসাইটে প্রকাশিত লেখা তো পাবলিক domain-এর তথ্যমাত্র, যে কেউ তা পড়তে পারছে। গোপন কিছু নয়। লিংক প্রকাশে কেন প্রশ্ন উঠতে পারে সেটা আমাদেরকে বলতে হবে। শুধু লিংক প্রকাশ কেন, সদালাপের লেখা (ভিন্নমতেরও) যে কেউ প্রিন্ট করে নিয়ে পড়ছে নিয়মিত যেটা আরও বড় অন্যায় হওয়ার কথা। সদালাপের পাঠকরা প্রতিদিন এভাবে ইন্টারনেট থেকে প্রিন্ট করছে। শুধু প্রিন্ট করে পড়া কেন, লেখায় আপত্তিকর কিছু থাকলে সেটাকে কোর্টে জমা দিয়ে লেখক ও সম্পাদক দু'জনকেউ হাজতে ঢুকাতে পারেন যে কোন পাঠক বা সংস্থা।

এখানে উল্লেখ্য যে, LA-তে আমার (কুদ্দুস খান) পত্রিকায় জনৈক বাংলাদেশী ভদ্রলোক illegal বাংলাদেশীদের গ্রীনকার্ড করে দেওয়ার বিজ্ঞাপন দিয়েছিল ছবি সহকারে। কিন্তু যখন ধরা পড়ল ঐ ভদ্রলোক নকল রোহিঙ্গা শরনার্থীর certificate দিয়ে বাংলাদেশীদের বার্মিজ বানিয়ে গ্রীনকার্ডের ব্যবস্থা করত, তখন NBC আমার কাছ থেকে ঐ ভদ্রলোকের ছবি সংগ্রহ করে TV-তে প্রচার করে। ঐ ভদ্রলোক তার ছবি NBC-তে প্রচারের দায়ে আমাকে ও ণভছ-কে দায়ী করতে চায়। কোর্ট তখন যেহেতু ঐ ছবি কোন গণমাধ্যমে ালরােদয় প্রকাশিত - সেটাকে বিকৃত না করে যে কারো ব্যবহারের অধিকার আছে বলে সেই কেইস বাতিল করে দেয়। আমেরিকার নিয়মে সদালাপের লিঙ্ক ভিন্নমতে যুক্ত করা বৈধ কেন, তার বিরুদ্ধে অভিযোগ করা অন্যায় বলে বিবেচিত হতে পারে।

কথা উঠেছে অভিজিত রায়ের লেখার লিংক ভিন্নমতে যুক্ত করার ব্যাপারে সদালাপের দুই সম্পাদকের লেখাতেই। অভিজিত রায় ভাল করেই এ সব নিয়ম জানেন। কাজেই তার যে লিংক ভিন্নমত থেকে সরানোর দাবী করা সমীচিন নয় বা অধিকার নেই, সেটা জেনে তিনি খুবই ভদ্র ও বন্ধুসুলভ ভাষায় ভিন্নমত সম্পাদককে অনুরোধ করেছিলেন লিংক সরানোর জন্যে। কেননা তিনি কোন বিতর্কে জড়াতে চাইছিলেন না। অভিজিত রায় ভিন্নমতকে মুক্তমনার লেখা ছাপানোর দায়ে অভিযুক্ত করে তার সাইটে চার-চার'টে রচনা প্রকাশ করে অন্যায় অভিযোগ বা অভদ্রতা সুলভ আচরন করেন নি। বরং তার অনুরোধটাও গোপন রাখতে অনুরোধ করেছিলেন। আমরা তার বন্ধুসুলভ অনুরোধ রক্ষা করেছি মাত্র।

যাহোক পাঠকদের সুবিধার্থে আমরা যে কোন ওয়েবসাইটেরই লিঙ্ক সংযুক্ত করতে থাকব যতদিন না সেটা আমেরিকান অন্যায় বলে কেউ প্রমাণ করে। সেটা ভিন্নমত, সদালাপ, মুক্তমনা সবাই করছে। ভবিষ্যতে আমরা কারো অনুরোধ নাও রাখতে পারি - হোক সেটা বন্ধুসুলভ কিংবা অভদ্রতাসুলভ। পাঠকদের সুবিধা আমরা দেখবই, সেটা আমাদের দায়িত্ব, যতক্ষন না সেটা কোন নিয়ম ভংগ করে।

ভিন্নমত এ ব্যাপারে আর কোন জবাব দেবে না, যতক্ষন না আমরা অন্যায় করেছি সেটা কেউ পরিষ্কার করে দেখিতে দেই আমেরিকার আইনের ভিত্তিতে।

আমান উল্লাহ সাহেব ভিন্নমত সম্পাদকত্রয়ীর কেন ব্যবহার করেছেন সেটা বুঝতে পারলাম না। আমাদের মতে সম্পাদকত্রয়ের বোধ হয় সঠিক হত। ভিন্নমতের তিন জন সম্পাদকই পুরুষ। যদি এটা ভুল তবে ভবিষ্যতে সংশোধন হবে বলে আশা রাখি।

ধন্যবাদ,
ভিন্নমত সম্পাদকগণ
———————————-